

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট
আইইবি ভবন(১৪ তলা), রমনা, ঢাকা-১০০০

অবেধ আইএসপি স্থাপনায় পরিচালিত অভিযান সংক্রান্ত তথ্যঃ

গত ০৫-১১-২০২০ইং তারিখে বিটিআরসি'র এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট-এর দুইজন পরিদর্শক এবং র্যাব-১১, সিপিসি-২, কুমিল্লা এর সদস্যগণের সমন্বয়ে গঠিত যৌথ দল সন্ধ্যা ১৯.২৫ ঘটিকায় চাঁদপুর জেলার শাহরাস্তি থানাধীন সুয়াপাড়া এলাকায় ও রাত ২১.০৫ ঘটিকায় চাঁদপুর জেলার সুয়াপাড়া মজুমদার মার্কেটে অবৈধ ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানদ্বয়ের বিরুদ্ধে সফলভাবে অভিযান পরিচালনা করেন। উক্ত অভিযানে নিম্নোক্ত অবৈধ টেলিযোগাযোগ যন্ত্রপাতি জব্দ করা হয়ঃ

অভিযানে জব্দকৃত যন্ত্রপাতির বিবরণঃ


ক্রম	যন্ত্রপাতির নাম	পরিমাণ
০১	CPU	০১
০২	মাইক্রোটিক রাউটার	০২
০৩	মিডিয়া কনভার্টার	১৭
০৪	SFP	০৭
০৫	OLT	০২
০৬	সুইচ	০২
০৭	Samsung Monitor	০১
০৮	COMPAC ল্যাপটপ	০১
০৯	ওয়াইফাই রাউটার	০২
১০	Motorola ওয়াকিটকি সেট	০২

অবেধ ইন্টারনেট সেবা প্রদানে জড়িত থাকায় উক্ত অভিযানে দুইজনকে গ্রেফতার করা হয়েছে ও একজন পলাতক রয়েছে। এছাড়া, টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ এর ধারা ৩৫(২), ৫৭(২), ৫৭(৭) এবং ৭৪ এর অধীনে শাহরাস্তি থানায় মামলা রুজু করতঃ আসামীদের থানায় সোপর্দ করা হয়েছে।

অভিযানের কিছু স্থির চিত্রঃ



অবেধ আইএসপি সেবাদানকারীর অফিস



অবেধ আইএসপি সেবাদানকারী যন্ত্রপাতি